# উপজেলা পরিষদ

সুনামগঞ্জ সদর সুনামগঞ্জ।

ওয়েব : sadar.sunamganj.gov.bd

## উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মৌসুমী মান্নান
প্রশাসক, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

তারিখ : ২৯ আগস্ট ২০২৪ খ্রি.।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে ছাত্র জনতার গণঅভ্যুত্থানে নতুন বাংলাদেশে সবাইকে স্বাগত জানান এবং উক্ত আন্দোলনে যারা নিহত হয়েছেন তাদের আত্মার শান্তি কামনা করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর, সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর ১ম কিস্তির বরাদ্দ এখনও পাওয়া যায়নি। তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে ও সকল দপ্তরের বিভাগীয় প্রধানগণকে অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প তালিকা বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর ১০টি খাত খাতওয়ারী বিভাজন করে দাখিল করার জন্য অনুরোধ জানান। তাছাড়া উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন এর নির্মাণ কাজ আগামী অক্টোবর/২০২৪ মাসের মধ্যে শেষ হবে মর্মে ঠিকাদার নিশ্চিত করেছেন। তিনি আরও জানান স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১৪২ নং স্মারকের ১৮.০২.২০২৪ তারিখ সুনামগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবন কনডেম ঘোষণা ও নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। সেই প্রেক্ষিতে নিলাম বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করার প্রক্রিয়া শুরু করার প্রাক্কালে জানা যায় উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবনের স্থানসহ পরিষদের উত্তর-পূর্ব কোনা বরাবর ০.৩৬ একর জায়গায় মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর আপিল বিভাগের সিভিল পিটিশন নং ১৮২/২০২৩ দায়ের করা হয় এবং মামলাটি বর্তমানে বিচারাধীন অবস্থায় রয়েছে। তাই উপজেলা পরিষদের স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবনটি নিলাম বিক্রয়ের কার্যক্রম মামলা সমাপ্ত না হওয়া পর্যন্ত স্থগিত রাখার বিষয়টি সভায় উপস্থাপন করেন।<br>এছাড়া উপজেলা প্রকৌশলী বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) এর খাতওয়ারী বিভাজন করে প্রকল্প তালিকা দাখিল করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল দপ্তরের বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হয় এবং উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন এর নির্মাণ কাজ আগামী অক্টোবর/২০২৪ মাসের মধ্যে দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া উপজেলা পরিষদের স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারের পুরাতন বাসভবনটি নিলাম বিক্রয়ের কার্যক্রম মামলা সমাপ্ত না হওয়া পর্যন্ত স্থগিত রাখার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর ও সংশ্লিষ্ট সকল। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| ২. | উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলায় মাঠে দন্ডায়মান আউশ ধান কর্তন শেষ পর্যায়ে রয়েছে এবং রোপা আমন ধান রোপন চলমান রয়েছে। খরিফ-২ মৌসুমে ২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে মাষকালাই বীজ ও রাসায়নিক সার বিতরনের বরাদ্দ পাওয়া গেছে এবং অগ্রধিকার কৃষক তালিকা তৈরীর কাজ চলমান রয়েছে। এছাড়া এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের অর্থায়নে ক্লিপ প্রকল্পের আওতায় ১৫টি গার্ডেন টিলার এবং ২০টি এলএলপি বরাদ্দ পাওয়া গেছে এবং প্রকল্পের আওতায় গঠিত কৃষক গ্রুপে বিতরণ করা হবে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে রোপা আমন ধান রোপনে কৃষকদের পরামর্শ প্রদানের লক্ষ্যে নিয়মিত মনিটরিং বজায় রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃ[illegible] অফিসার, সুনাম[illegible] সদর, সুনামগঞ্জ। |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান EPI এর মাধ্যমে টিকা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। বন্যার কারণে যে সকল বাচ্চারা টিকা পায়নি তাদেরকে টিকা দেয়া হয়েছে। কমিউনিটি ক্লিনিকগুলোতে পর্যাপ্ত ঔষদ মজুদ আছে এবং CHCP দের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথারীতি নিয়মেই সকল কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া মাধ্যমিক বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে মাধ্যমিক বিদ্যালয় সমূহে নিয়মিত মনিটরিং বজায় রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৫. | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধি ও উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ইতিমধ্যে ম্যানেজিং কমিটি বাতিল করে এডহক কমিটি গঠনের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনার আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সকল শিক্ষক এবং উপজেলা শিক্ষা অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের এক দিনের বেতন ত্রাণ তহবিলে জমা প্রদান করা হচ্ছে। এছাড়া প্রাথমিক শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে প্রাথমিক বিদ্যালয় সমূহে নিয়মিত মনিটরিং বজায় রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর। |
| ৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান মা মাছ ও পোনা নিধন কার্যক্রম বন্ধে প্রতিনিয়ত অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। এছাড়া মৎস্য বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |

| | | | |
|---|---|---|---|
| ৭. | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান প্রানিসম্পদ দপ্তর সুনামগঞ্জ সদর এর আওতাভুক্ত বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাছাড়া প্রানিসম্পদ দপ্তরের অন্তর্ভুক্ত ইউনিয়নগুলোতে গবাদি প্রানির ভ্যাক্সিন কার্যক্রম এবং কৃত্রিম প্রজনন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এছাড়া প্রানিসম্পদ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ৮. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর সভায় জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত ১০৮টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ স্থাপনের বরাদ্দটি আপাতত স্থগিত রাখার জন্য প্রকল্প পরিচালকের কার্যালয় থেকে নির্দেশনা পাওয়া গেছে। তিনি আরও জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের ১১৭টি সাবমার্সিবলযুক্ত গভীর নলকূপ স্থাপনের মধ্যে ১১৫টি নলকূপ স্থাপন হয়েছে এবং ১১৩টি নলকূপের পাটাতন পাকাকরণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট নলকূপ স্থাপন ও পাটাতন পাকাকরণ কাজ দ্রুত সমাপ্ত করার জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সুনামগঞ্জ সদর। |
| ৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের টি.আর ও কাবিটার বরাদ্দ এখনো পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া মাত্রই ইউনিয়নওয়ারী বিভাজন করা হবে। বিগত বন্যায় ইউনিয়নের অনেক রাস্তাঘাট বিনষ্ট হয়েছে। যে রাস্তাগুলি জরুরী মেরামত করা প্রয়োজন সেগুলি মেরামত করে চলাচল উপযোগী করার জন্য তিনি সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান এবং তিনি জানান পরবর্তী বরাদ্দ আসলে উক্ত কাজের সাথে সমন্বয় করা হবে। তাছাড়া বীরনিবাস এর কাজগুলি পরবর্তী পরিস্থিতির জন্য বন্ধ ছিল। পরবর্তীতে কাজগুলি আবার চালু করা হয়। বর্তমানে ৫৫টি বীর নিবাসের কাজ চলমান আছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে ইউনিয়নের যে রাস্তাগুলি জরুরী মেরামত করা প্রয়োজন সেগুলি দ্রুত মেরামত করে চলাচল উপযোগী করার জন্য সকল ইউ/পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় এবং পরবর্তীতে টি.আর ও কাবিটার বরাদ্দের সাথে উক্ত কাজের সমন্বয় করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর<br>ও<br>চেয়ারম্যান (সকল) ইউ/পি<br>সুনামগঞ্জ সদর। |
| ১০. | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সভায় জানান ১৫২টি সমবায় সমিতির মধ্যে ২৬টি সমবায় সমিতির অডিট সম্পন্ন করা হয়েছে, অবশিষ্ট সমিতিগুলোর অডিট চলমান রয়েছে এবং ০৩টি সমিতির নির্বাচন সম্পন্ন হয়েছে। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে অবশিষ্ট সমিতিগুলোর অডিট এবং নির্বাচন দ্রুত শেষ করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়ায় | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | আক্রান্ত ৬টি রোগের ৪৫ জন উপকারভোগীর মাঝে এককালীন জনপ্রতি ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার চেক বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান ০৪ জন ভিক্ষুকের মাঝে ব্যাটারী চালিত রিক্সা ও মুদি দোকানের সহায়ক উপকরণ বাবদ ৩,০৬,৯০০/-(তিন লক্ষ ছয় হাজার নয়শত) টাকার সমপরিমাণ উপকরণ বিতরণ করা হয়েছে। তাছাড়া প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত/ক্ষতিগ্রস্থ ০৫ জনের মাঝে ২০০০/-(দুই হাজার) টাকা করে ১০,০০০/-(দশ হাজার) টাকার চেক বিতরণ করা হয়েছে। এছাড়া সমাজসেবা বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | জানানো হয়। | |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর সভায় জানান চলতি মাসে বিআরডিবির আওতায় ক্ষুদ্র ঋণ বিবতণ হয়েছে ১৬,৫০,০০০/-(ষোল লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, ক্ষুদ্র ঋণ আদায় হয়েছে ১৭,০০,০০০/-(সতেরো লক্ষ) টাকা এবং এসএমই ঋণ বিতরণ হয়েছে ১৩,০০,০০০/-(তেরো লক্ষ) টাকা, এসএমই ঋণ আদায় হয়েছে ৯,৫০,০০০/-(নয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। মোট ঋণ বিতরণ হয়েছে ২৯,৫০,০০০/-(উনত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার এবং আদায় হয়েছে ২৬,৫০,০০০/-(ছাব্বিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। এছাড়া পল্লী উন্নয়ন বিভাগের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর। |
| ১৩. | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর সভায় জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের চলতি মাসে ঋণ বিতরণ হয়েছে ৮১,৭৬,০০০/-(একাশি লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা, ঋণ আদায় হয়েছে ১,০৫,০২,০০০/-(এক কোটি পাঁচ লক্ষ দুই হাজার) টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ১,৭৭,০০০/-(এক লক্ষ সাতাত্তর হাজার) টাকা। এছাড়া পল্লী সঞ্চয় ব্যাংক এর অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আলোচনান্তে পল্লী সঞ্চয় ব্যাংক এর সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক ঋণ বিতরণের প্রতিবেদন আগামী সভায় অবহিতকরণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সুনামগঞ্জ সদর। |
| ১৪. | ক) চেয়ারম্যান, জাহাঙ্গীরনগর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান জাহাঙ্গীরনগর ইউনিয়নের মঙ্গলকাটা-ঢলুরা শহীদ মিনার পর্যন্ত রাস্তার নির্মাণ কাজ বন্ধ রয়েছে। উক্ত রাস্তার নির্মাণ কাজ কবে শুরু করা হবে তা অবগত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান।<br>খ) চেয়ারম্যান, সুরমা ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান সুরমা ইউনিয়নের মুসলিমপুর গ্রামের রাস্তার নির্মাণ কাজটি বন্ধ রয়েছে। উক্ত রাস্তার নির্মাণ কাজ কবে শুরু করা হবে তা অবগত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান।<br>গ) চেয়ারম্যান, গৌরারং ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান গৌরারং ইউনিয়নের কান্দিগাঁও-পুরানগাঁও গ্রামের রাস্তার সামনের অংশ ও পেছনের অংশের | আলোচনান্তে ঠিকাদারের সাথে আলোচনা পূর্বক দ্রুত কাজ সমাপ্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। তাছাড়া গুচ্ছ গ্রামের ঘরের বিষয়ে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং রঙ্গাঁরচর ইউনিয়নের রংপুর শাহ-আরফিনের মাজারের কমিটি বাতিল করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর ও উপজেলা প্রকৌশলী এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। কিন্তু কান্দিগাঁও-পুরানগাঁও গ্রামের রাস্তাটির মধ্যস্থানের অবশিষ্ট রাস্তার নির্মাণ কাজ কবে শুরু হবে তা অবগত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। তিনি আরও জানান গৌরারং ইউনিয়নের গুচ্ছ গ্রামের অনেক ঘর তালা বন্দি রয়েছে। তিনি উক্ত ঘরে যারা বসবাস করছেন না তাদের বরাদ্দ বাতিল করে প্রকৃত উপকারভোগীদের মধ্যে নতুন করে ঘর বরাদ্দ প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান।<br>ঘ) চেয়ারম্যান, কুরবাননগর, ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান কুরবাননগর ইউনিয়নের বন্যায় ক্ষতিগ্রস্থ খাইমতের থেকে গোদারগাঁও পর্যন্ত রাস্তাটির মেরামত কাজ বন্ধ রয়েছে। উক্ত রাস্তার মেরামত কাজ কবে শুরু করা হবে তা অবগত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান।<br>ঙ) চেয়ারম্যান, রঙ্গারচর ইউ/পি, সুনামগঞ্জ সদর সভায় জানান রঙ্গারচর ইউনিয়নের মঙ্গলকাটা-হাসাউরা পর্যন্ত রাস্তার নির্মাণ কাজ কবে শুরু হবে তা অবগত করার জন্য তিনি উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। তাছাড়া রঙ্গারচর ইউনিয়নের রংপুর শাহ-আরফিনের মাজারের কমিটি বাতিল করে নতুন কমিটি গঠন করার জন্য তিনি সভাকে অনুরোধ জানান। তিনি আরও জানান রঙ্গারচর ইউনিয়নের আদার বাজার গুচ্ছ গ্রামের অনেক ঘর তালা বন্দি রয়েছে। তিনি উক্ত ঘরে যারা বসবাস করছেন না তাদের বরাদ্দ বাতিল করে প্রকৃত উপকারভোগীদের মধ্যে নতুন করে ঘর বরাদ্দ প্রদানের জন্য সভাকে অনুরোধ জানান।<br>এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদর সভায় জানান দেশের সার্বিক পরিস্থিতি ও বন্যার কারণে কাজ বন্ধ ছিল। তবে সংশ্লিষ্ট কাজের ঠিকাদারদের সাথে আলোচনা হয়েছে তারা খুব দ্রুত সময়ের মধ্যেই কাজ শুরু করবেন। | | |
| ১৫. | উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান বিগত জুন/২০২৪ ও জুলাই/২০২৪ মাসের মাসিক সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নতুন বাসভবনের সংশোধিত বরাদ্দ প্রাপ্তির বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ করা হলেও এখন পর্যন্ত কোন উদ্যোগ গ্রহন করা হয়নি। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। তাছাড়া উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান সুনামগঞ্জ সদর উপজেলায় প্রতি বছর বন্যার কারণে রাস্তার যে পরিমাণ ক্ষতি হয় তাতে বিটুমিন দিয়ে রাস্তা না করে আরসিসি দিয়ে রাস্তা ঢালাই | আলোচনান্তে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নতুন বাসভবনের সংশোধিত বাজেট প্রাপ্তির বিষয়ে স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া প্রতিটি ইউনিয়নে কত % রাস্তা বিটুমনি দিয়ে নির্মাণ করতে হবে এবং কত % রাস্তা আরসিসি দিয়ে নির্মাণ করতে হবে এ সংক্রান্ত কোন নীতিমালা/পরিপত্র রয়েছে কি না | উপজেলা নির্বাহী অফিসার<br>সুনামগঞ্জ সদর<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি, সুনামগঞ্জ সদর। |

Scanned with OKEN Scanner

| | | | |
|---|---|---|---|
| | করা হলে অনেক মজবুত ও টেকশই হবে। এত করে জনগণ ভোগান্তি থেকে রক্ষা পবে। তিনি আরও জানান প্রতিটি ইউনিয়নে কত % রাস্তা বিটুমিনি দিয়ে নির্মাণ করতে হবে এবং কত % রাস্তা আরসিসি দিয়ে নির্মাণ করতে হবে এ সংক্রান্ত কোন নীতিমালা/পরিপত্র রয়েছে কি না তা দেখে আগামী পরিষদ সভাকে অবগত করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানান। | তা দেখে আগামী পরিষদ সভাকে অবগত করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সুনামগঞ্জ সদরকে অনুরোধ জানানো হয়। | |
| | বিবিধ : উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান আগস্ট/২০২৪ মাসে আপ্যায়ন বাবদ ২৯,৯৬০/-(উনত্রিশ হাজার নয়শত ষাট) টাকা, আনুষাঙ্গিক ব্যয় বাবদ ৪,৯৪০/-(চার হাজার নয়শত চল্লিশ) টাকা, পরিষদের ইন্টারনেট বাবদ ২,০০০/-(দুই হাজার) টাকার বিল পাওয়ার আবেদন পাওয়া যায়। | আলোচনান্তে বর্ণিত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার সুনামগঞ্জ সদর। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৮/২৪
মৌসুমী মান্নান
প্রশাসক
উপজেলা পরিষদ
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ
ও
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ

ফোন : ০২২-৯৯৬৬০০০৭২
ই-মেইল : unosunamganjsadar@gmail.com

স্মারক নং: ০৫.৪৬.৯০৮৯.০০০.১১.০৬৪.১৯-১৩৫২(৫০)

তারিখ : ২৯ আগস্ট ২০২৪ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৬। উপজেলা ........................................ কর্মকর্তা(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, ...................... ইউনিয়ন পরিষদ(সকল), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৮। জনাব/বেগম ............................................ সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ।
১০। অফিস কপি/মাস্টার ফাইল।

২৯/০৮/২৪
মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

Scanned with OKEN Scanner